

💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ রোগী সাক্ষাৎ করতে রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

রোগীকে ঝাড়তে

16

أَذْهِبِ الْبَأْسَ رَبَّ النَّاسِ ، وَاشْفِ أَنْتَ الشَّافِي لا شِفَاءَ إِلا شِفَاوُّكَ ، شِفَاءً لا يُغَادِرُ سَقَمًا

উচ্চারণঃ "আযহিবিল বা'সা রাব্বান্না-সি অশফি আনতাশ শা-ফী লা শিফা-আ ইল্লা শিফাউকা শিফা-আল লা য়ুগা-দিরু সুকুমা।"

অর্থঃ কস্ট দূর করে দাও হে মানুষের প্রতিপালক! এবং আরোগ্য দান কর, তুমিই আরোগ্যদাতা, তোমার আরোগ্য দান ছাড়া কোন আরোগ্য নেই। এমন আরোগ্য দান কর যাতে কোন পীড়া অবশিষ্ট না থাকে। (বুখারী, মুসলিম) ২।

بِسْمِ اللَّهِ أَرْقِيكَ مِنْ كُلِّ شَيْءٍ يُؤْذِيكَ , مِنْ شَرِّ كُلِّ نَفْسٍ أَوْ عَيْنٍ أَوْ حَاسِدٍ , اللَّهُ يَشْفِيكَ بِسْمِ اللَّهِ أَرْقِيكَ উচ্চারণঃ- বিসমিল্লা-হি আরক্কীক, মিন কুল্লি শাইয়িন য়ু'যীক, অমিন শাররি কুল্লি নাফসিন আউ আইনি হা-সিদ, আল্লা-হু য়্যাশফীক, বিসমিল্লা-হি আরক্কীক।

অর্থঃ আমি তোমাকে আল্লাহর নাম নিয়ে প্রত্যেক কষ্টদায়ক বস্তু থেকে এবং প্রত্যেক আত্মা অথবা বদনজরের অনিষ্ট থেকে মুক্তি পেতে ঝাড়ছি। আল্লাহ তোমাকে আরোগ্য দান করুন। আল্লাহর নাম নিয়ে তোমাকে ঝাড়ছি। (মুসলিম, তিরমিযী)

७।

أَسْأَلُ اللَّهَ الْعَظِيمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيمِ أَنْ يَشْفِيكَ

অর্থঃ আমি সুমহান আল্লাহ, মহা আর**ে**শর প্রভুর নিকট তোমার আরোগ্য প্রার্থনা করছি।

উচ্চারণঃ আসআলুল্লা-হাল আযীম, রাব্বাল আরশিল আযীম, আঁই য়্যাশফিয়াক।

এই দুআ কোন মুমূর্ষ রোগীর কাছে ৭বার পড়লে তার আরোগ্য হয়। (সহীহুল জামে' ৫৬৪২, ৬২৬৩ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11726

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন